

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুন বাগিচা, ঢাকা

নথি নং- ১(১১)শুল্ক-৫/৯৩/৭৭৮

তারিখ : ১০/১১/১৯৯৪ ইং

প্রেরক : (মোহাম্মদ জাহাংগীর হোসেন হাওলাদার)
দ্বিতীয় সচিব (শুল্ক)

প্রাপক : ১। কালেক্টর,
শুল্ক ভবন
ঢাকা/চট্টগ্রাম/মংলা।

২। কালেক্টর,
শুল্ক, আবগারী ও ভ্যাট
যশোর/রাজশাহী/খুলানা/চট্টগ্রাম/ঢাকা(দঃ)/ঢাকা(উঃ)।

৩। যুগ্ম-কালেক্টর,
আইসিডি, কমলাপুর, ঢাকা।

বিষয় : আমদানিকৃত ইউ,পি,এস (টচব) এর শ্রেণীবিন্যাস ও শুল্কায়ন প্রসঙ্গে।

বিগত ০৯ ই অক্টোবর, ১৯৯৪ খ্রীঃ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে বোর্ডের সম্মেলন কক্ষে বোর্ডের নিয়মিত মাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আমদানিকৃত ইউ,পি,এস (UPS) এর শ্রেণীবিন্যাস এবং শুল্কহার প্রয়োগ সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয়। বোর্ড সভায় বিষয়টির উপর বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :-

“ (ক) ইউ,পি,এস এবং কম্পিউটার যদি একত্রে সমান সংখ্যায় আমদানি করা হয় তাহলে হেডিং নং ৮৪.১৭ এর আওতায় শ্রেণীবিন্যাস হবে ;

(খ) শুধুমাত্র ইউ,পি,এস আমদানি করা হলে হেডিং নং ৮৫.০৪ এর আওতায় শ্রেণীবিন্যাস হবে।”

০২। অতএব, বোর্ড সভায় উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী আমদানিকৃত ইউ,পি,এস (UPS) শ্রেণীবিন্যাস পূর্বক শুল্কায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ জাহাংগীর হোসেন হাওলাদার)
দ্বিতীয় সচিব (শুল্ক)।